# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ
### পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং ০৫(৫৩৩) জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/৫৬১৪ তারিখ : ০১/১১/২০২৫

**২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিলম্ব ফি সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার **যে সকল শিক্ষার্থী ২২/১০/২০২৫ তারিখের মধ্যে ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করেছে এবং ইনকোর্স পরীক্ষার উত্তরপত্র সংশ্লিষ্ট শাখা/আঞ্চলিক কেন্দ্রে জমা দিয়েছে শুধুমাত্র সে সকল শিক্ষার্থীরা ফরম পূরণের সময় অন্যান্য ফি এর অতিরিক্ত ৪,০০০/- (চার হাজার) টাকা বিলম্ব ফিসহ** নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী ফরম পূরণ করতে পারবে। উক্ত সময়ের মধ্যে ফরম পূরণের যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে। নির্ধারিত তারিখের পর ফরম পূরণের যাবতীয় কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজকে ফরম পূরণ সম্পর্কিত সকল কাজ সম্পন্ন করতে হবে।

**ফরমপূরণ, শিক্ষার্থীর ডেটা এন্ট্রি নিশ্চয়ন ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দেয়ার তারিখ:**

| বিবরণ | তারিখ |
|---|---|
| পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ | ০২/১১/২০২৫ হতে ০৭/১১/২০২৫ পর্যন্ত |
| শিক্ষার্থীর ডেটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক) | ০৮/১১/২০২৫ |
| সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক) | ০৯/১১/২০২৫ |

উল্লেখ্য যে সকল শিক্ষার্থী ২২/১০/২০২৫ তারিখের পূর্বে ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করেছে তারা উল্লেখিত তারিখের মধ্যে ফরম পূরণ করতে পারবে। তাছাড়া **ইতোপূর্বে স্মারক নং-০৫(৫৩৩)জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী(পাস)/২০২২/২০২৩/৫৫৫৫, তারিখ: ২১/০৯/২০২৫ মোতাবেক প্রকাশিত বিজ্ঞপ্তির শর্তের ভিত্তিতে অনিয়মিত শিক্ষার্থীরাও ফরম পূরণ করতে পারবে।**

০১/১১/২৫

মোঃ এনামুল করিম
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭

স্মারক নং ০৫(৫৩৩) জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/৫৬১৪ তারিখ : ০১/১১/২০২৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি ঃ

১। পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ।
৫। অফিস কপি।

মোঃ আশরাফ আলী
অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক
ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।